**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের বিভিন্ন স্থানে ঝড় বৃষ্টিতে ক্ষতিগ্রস্তদের প্রশাসনের পক্ষ থেকে অন্তর্বর্তীকালীন আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।**

**(২) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার জন্য বিদ্যুৎ কর্মীরা ২৪ ঘন্টায় নিরবচ্ছিন্ন কাজ করছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তর প্রদেশের হরদোই জেলায় ৫৯৪ কিলোমিটার দীর্ঘ গঙ্গা এক্সপ্রেসওয়ের উদ্বোধন করেছেন।**

**(৪) আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে।**

****************************************

**CM–Weather :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের বিভিন্ন স্থানে ঝড় বৃষ্টিতে ক্ষতিগ্রস্তদের প্রশাসনের পক্ষ থেকে অন্তর্বর্তীকালীন আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ চলছে। তিনি আজ আগরতলায় টি.আই.এফ.টি কনফারেন্স হলে প্রাকৃতিক দুর্যোগের উদ্ভুত পরিস্থিতি নিয়ে অনুষ্ঠিত পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন। উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা, পুলিশ মহানির্দেশক অনুরাগ ও বিভিন্ন দপ্তরের সচিবগণ। তাছাড়া জেলা শাসকগণ ভার্চুয়ালভাবে এই বৈঠকে অংশ গ্রহণ করেন।

***************************

**Longtharai–Disaster :**

লংতরাইভ্যালি মহকুমা প্রশাসন থেকে জানানো হয়েছে, গত সোমবার ২৭ এপ্রিল লংতরাইভ্যালি মহকুমার বিভিন্ন এলাকায় প্রচন্ড ঝড়, বৃষ্টি এবং বজ্রপাত আঘাত হানে। এই ভয়াবহ দুর্যোগে ব্যাপক ক্ষয়ক্ষতির পাশাপাশি একজনের প্রাণহানি ঘটেছে। নেপালটিলায় থাইয়া রায় রিয়াং–এর স্ত্রী রাজান্তি রিয়াং ঝড়ের সময় বজ্রপাতে প্রাণ হারায়। মহকুমা প্রশাসন নিহত রাজান্তি রিয়াং–এর পরিবারকে তাৎক্ষণিক অর্ন্তবর্তী ত্রাণ হিসেবে ২০ হাজার টাকা প্রদান করেন। এই দুর্যোগে পাটুয়া পাড়া, বিদ্যাজয় পাড়া, বিএলকে পাড়া, হরিমোহণ রিয়াং পাড়া, ধনকা রায় পাড়া, বিষ্ণু দাস পাড়া, পাঙ্গুরাম পাড়া এবং এসকে পাড়া সহ একাধিক এলাকায় ক্ষয়ক্ষতি হয়েছে। লংতরাইভ্যালি মহকুমা প্রশাসনের প্রাথমিক রিপোর্ট অনুযায়ী মোট ৭৬টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিকগণ ক্ষয়ক্ষতি নিরুপণের কাজ করছে।

************************

**DM South Visit :**

দুর্যোগপূর্ণ পরিস্থিতি মোকাবিলায় দক্ষিণ জেলার জেলাশাসক মোঃ সাজাদ পি ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। পরিদর্শন শেষে তিনি আজ জানান, জেলাজুড়ে ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে দ্রুত ত্রাণ ও পুনর্বাসনের কাজ শুরু হয়েছে। সরকারি নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে দ্রুত আর্থিক সহায়তা প্রদান করা হবে। এ লক্ষ্যে ইতিমধ্যে মাঠপর্যায়ের সমীক্ষার কাজ শুরু হয়েছে। তিনি জানান বিলোনীয়া, শান্তিরবাজার এবং সাব্রুম মহকুমার বিভিন্ন এলাকায় বাড়িঘর, সরকারি পরিকাঠামো, বিদ্যুৎ ও কৃষিক্ষেত্রে ক্ষয়ক্ষতি নিরুপণে বিশেষ দল কাজ করছে। পাশাপাশি, গবাদি পশু পাখির ক্ষয়ক্ষতি মূল্যায়নের জন্যও পৃথক সমীক্ষা চালানো হচ্ছে। বিদ্যুৎ পরিষেবা পুনরুদ্ধারের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরের ৪০টিরও বেশি দল প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে নিরবচ্ছিন্নভাবে কাজ করছে। তাছাড়া সিভিল ডিফেন্স

ভলান্টিয়ার, আপদা মিত্র, টি এস আর, পুলিশ ও অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীদের সমন্বিত প্রচেষ্টায় দুর্যোগ মোকাবিলার কাজ এগিয়ে চলেছে।

*************************

**DM-Sepahijala :**

সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সির্দ্ধাথ শিব জয়সওয়াল জানিয়েছেন, গত কয়েকদিনের ঝড় বৃষ্টিতে সিপাহীজলা জেলায় ২৫০টি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। SDRF-এর নিয়ম অনুযায়ী ক্ষতিগ্রস্তদের অন্তর্বর্তীকালীন আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। জম্পুইজলা মহকুমার বড়জলা ও লাটিয়াছড়া স্কুলে ২টি আশ্রয় শিবির খোলা হয়েছে। এগুলিতে মোট ১০৫টি পরিবার আশ্রয় নিয়েছে। গোটা জেলায় ১ হাজার ১৫৩ জন কৃষকের শাক সবজি ও অন্যান্য ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে।

**************************

**Electricity-Demage :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ জানিয়েছেন, গত দু'দিনের প্রবল ঝড় বৃষ্টিতে বিদ্যুৎ পরিকাঠামো ব্যাপক ক্ষতি হয়েছে। প্রাথমিক হিসেব অনুযায়ী আর্থিক ক্ষতির পরিমাণ ৫ কোটি ৫৯ লক্ষ টাকা। সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে দক্ষিণ জেলাতে। বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার জন্য বিদ্যুৎ কর্মীরা ২৪ ঘন্টায় নিরবচ্ছিন্ন কাজ করছে।

***************************

**Agricultural Crop Damage :**

ঝড় বৃষ্টিতে ঊনকোটি জেলায় প্রায় ৩ হাজার কৃষকের ফসল ও গ্রীষ্মকালীন শাক-সবজির ক্ষতি হয়েছে। কৃষি তত্বাবধায়ক সন্দীপ পাল এক সাক্ষাৎকারে জানান, অতিবর্ষণের কারণে কৃষিক্ষেত্রে প্রাথমিকভাবে ক্ষয়ক্ষতি নিরুপণ করা হয়েছে। ঊনকোটি জেলাতে ৩৫২ দশমিক তিন হেক্টর জমির ফসল ও সব্জি নষ্ট হয়েছে।

***************************

**CM-Jal Jeevan Mission :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার টি.আই.এফ.টি কনফারেন্স হলে জল জীবন মিশন দ্বিতীয় পর্যায়ে জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ভার্চুয়ালভাবে অংশগ্রহণ করেন। তিনি বলেন দীর্ঘমেয়াদী জল সুরক্ষার জন্য জাতীয় সংস্কারের সাথে সঙ্গতি রেখে, এই চুক্তির লক্ষ্য হলো স্থায়িত্ব ও কার্যকারিতার উপর মনোযোগ দিয়ে জল সরবরাহ পরিকাঠামোকে শক্তিশালী করা। পাশাপাশি গ্রামীণ পরিবারগুলিকে কার্যকরী গৃহস্থালি ট্যাপ সংযোগ প্রদান করা। তিনি বলেন জীবনযাত্রার মান উন্নয়ন এবং নিরবচ্ছিন্ন ও নিরাপদ জল সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে এই মিশনটি ডিসেম্বর ২০২৮ পর্যন্ত বাড়ানো হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন সরকার প্রতিটি পরিবারে নিরাপদ পানীয় জল পৌঁছে দেওয়ার লক্ষ্য অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ।

***************************

**West Bengal Election :**

আজ পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত পর্বে সাতটি জেলার মোট ১৪২টি আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ৯১ শতাংশের বেশি ভোট পড়েছে।

পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, আসাম, কেরলাম এবং পুদুচেরি বিধানসভা নির্বাচনের ভোট গণনা আগামী চৌঠা মে অনুষ্ঠিত হবে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তর প্রদেশের হরদোই জেলায় ৫৯৪ কিলোমিটার দীর্ঘ গঙ্গা এক্সপ্রেসওয়ের উদ্বোধন করেছেন। এ উপলক্ষ্যে আয়োজিত সমাবেশে তিনি বলেন, এই দ্রুতগতির করিডোরটি উত্তর প্রদেশ জুড়ে সংযোগ ব্যবস্থাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করার পাশাপাশি শিল্প বিনিয়োগ, লজিস্টিকস, কৃষি বিপণন এবং আঞ্চলিক ভারসাম্যকে গতি দেবে। এই এক্সপ্রেস ওয়ের মাধ্যমে মিরাট এবং প্রয়াগরাজের মধ্যে ভ্রমণের সময় প্রায় ১২ ঘন্টা থেকে কমিয়ে প্রায় ৬ ঘন্টায় নিয়ে আসবে। এক্সপ্রেসওয়েটি ১২টি জেলার উপর দিয়ে যাবে; মিরাট, হাপুর, বুলন্দশহর, আমরোহা, সম্ভল, বুদাউন, শাহজাহানপুর, হরদোই, উন্নাও, রায়বেরেলি, প্রতাপগড় এবং প্রয়াগরাজ।

প্রধানমন্ত্রী আজ সকালে শ্রী কাশী বিশ্বনাথ মন্দির পরিদর্শন করেন। তিনি মন্দিরের গর্ভগৃহে পূজা করেন।

***********************

**LPG :**

সরকার আজ জানিয়েছে, পশ্চিম এশিয়ার পরিবর্তিত পরিস্থিতির মধ্যেও সারাদেশে ঘরোয়া এল.পি.জি সরবরাহ স্বাভাবিক রয়েছে। নয়াদিল্লিতে একটি

আন্তঃমন্ত্রণালয় ব্রিফিংয়ে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয়ের সচিব সুজাতা শর্মা এ খবর জানান। তিনি জানান অনলাইন এল.পি.জি বুকিং এবং ডেলিভারি অথেন্টিকেশন কোড ভিত্তিক ঘরোয়া এল.পি.জি সরবরাহও সর্বকালের সর্বোচ্চ পর্যায়ে রয়েছে। এদিকে, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয়ের নামে জারি করা একটি আদেশ, যেখানে পেট্রোল ও ডিজেলের দাম বাড়ানোর দাবি করা হয়েছে, সেটিকে সরকার আজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ভুয়া বলে আখ্যা দিয়েছে। প্রেস ইনফরমেশন ব্যুরোর ফ্যাক্ট চেক ইউনিট স্পষ্ট করেছে যে, সরকারের পক্ষ থেকে এমন কোনো আদেশ জারি করা হয়নি।

************************

**NCB :**

নারকোটিকস কন্ট্রোল ব্যুরো বা এন.সি.বি আগামী তিন বছর দেশজুড়ে মাদক পাচার ও মাদকের অপব্যবহার কার্যকরভাবে মোকাবেলার জন্য ব্যাপক অভিযান করবে। নয়াদিল্লিতে এন.সি.বি আঞ্চলিক পরিচালক সম্মেলনে এই অঙ্গীকার করা হয়। দুই দিনব্যাপী এই সম্মেলনে রোডম্যাপ বাস্তবায়নের প্রস্তুতি হিসেবে কার্যকরভাবে বিচার প্রক্রিয়া পরিচালনা, যৌথ সমন্বয় কমিটি ও মাদক সমন্বয় কেন্দ্র ব্যবস্থার সর্বোত্তম ব্যবহার, পলাতকদের বিচারের আওতায় আনা এবং এন.সি.বি জোনাল অফিসগুলোর প্রয়োগ ও সমন্বয়মূলক কার্যক্রমের বিস্তারিত পর্যালোচনার ওপর আলোকপাত করা হয়।

*************************

**AI Awareness-Gomati :**

গোমতী জেলায় কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে তিন দিনের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। উদয়পুর-এর সার্কিট হাউসে গোমতী জেলা প্রশাসন আয়োজিত এই প্রশিক্ষণ কর্মসূচিতে জেলাশাসক, জেলার তিন মহকুমার মহকুমা শাসক ও ব্লকের আধিকারিকগণ উপস্থিত

ছিলেন। জেলা শাসক রিঙ্কু লাথের আমাদের গোমতী জেলার প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে এক সাক্ষাৎকারে জানিয়েছেন, এই প্রশিক্ষণ শিবিরে মূলত তিনটি বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং এবং অটোমেশন স্কিল।

**************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মুখ্যমন্ত্রী সমীপেষু" কর্মসূচিতে সাধারণ জনগণের অভাব, অভিযোগ ও নানা সমস্যার কথা শোনেন। তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের দ্রুত ও কার্যকর সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।

************************

**Weather :**

আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। তাছাড়া বাকি জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রী সেল সিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২২.২ ডিগ্রী সেলিসিয়াস ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৪ ডিগ্রী সেলসিয়াস। বিকেল ৫.৩০ পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ১৮.৬ মিলিমিটার।

***************************